গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
আইন শাখা-৩)
www.minland.gov.bd

স্মারক নম্বর-৩১.০০.০০০০.০৪৪.৬৮.০০৭.১৯-৫৫

তারিখ: ০৭ চৈত্র ১৪২৫
২১ মার্চ ২০১৯

## পরিপত্র

ভূমি আপিল বোর্ড আইন, ১৯৮৯ (১৯৮৯ সনের ২৪ নং আইন) অনুযায়ী ভূমি আপিল বোর্ড গঠিত হয়। উক্ত আইনের অধীনে প্রণীত 'ভূমি আপিল বোর্ড বিধিমালা, ১৯৯০ দ্বারা এ বোর্ড পরিচালিত হচ্ছে। বোর্ডের চেয়ারম্যান- এস্ন একটি, দু'জন সদস্যের দু'টি একক আদালত এবং চেয়ারম্যান ও সদস্যদ্বয়ের সমন্বয়ে একটি ফুলবোর্ড আদালতসহ 'মোট চারটি' আদালত দেশের ভূমি রাজস্ব সংক্রান্ত মামলার সর্বোচ্চ আদালত হিসেবে পরিগণিত হয়। উক্ত আদালত অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব) এর আদেশের বিরুদ্ধে আপিল/রিভিশন/রিভিউ গ্রহণ, শুনানী ও নিষ্পত্তি করে থাকেন। এ ছাড়া, উক্ত আদালতসমূহ bonafide mistake সংক্রান্ত মামলা শুনানীঅন্তে রেকর্ড সংশোধন আদেশ প্রদান করে থাকেন। ভূমি আপিল বোর্ডে আপিল/রিভিশন/রিভিউ দায়ের করার পরে সংশ্লিষ্ট মামলাসমূহ নিষ্পত্তি করার লক্ষ্যে আদালতসমূহ কর্তৃক সংশ্লিষ্ট অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব), অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) ও সহকারী কমিশনার (ভূমি)-গণের নিকট মূল নথি /প্রতিবেদন তলব করা হয়ে থাকে। উক্ত প্রতিবেদন প্রাপ্তির পর শুনানী অন্তে মামলাসমূহ নিষ্পত্তি করা হয়।

০২। লক্ষ্য করা যাচ্ছে যে, নিম্ন আদালতসমূহ হতে ভূমি আপিল বোর্ড কর্তৃক যাচিত মূল নথি/প্রতিবেদন/মতামত প্রেরণে প্রায়শঃ বিলম্ব হচ্ছে। কোন কোন ক্ষেত্রে একাধিকবার তাগিদপত্র দেয়া হয়। কোন কোন ক্ষেত্রে রেকর্ড/প্রতিবেদন/মতামত প্রেরণে বিলম্বের জন্য সময় পর্যন্ত চাওয়া হয় না। এতে একদিকে যেমন মামলা নিষ্পত্তিতে অহেতুক বিলম্ব হচ্ছে, অন্যদিকে জনদুর্ভোগ বৃদ্ধি পাচ্ছে। এতে বিচার প্রার্থীগণ ন্যায় বিচার থেকে বঞ্চিত হচ্ছেন, যা কোনক্রমেই কাম্য নয়।

০৩। ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়েলের '১৩' অনুচ্ছেদ অনুযায়ী বোর্ডের যে কোন আদেশ বিভাগীয় কমিশনার, কালেক্টর ও তাঁর অধীনস্থ সকল কর্মকর্তা কর্মচারীর ওপর বাধ্যতামূলকভাবে প্রযোজ্য এবং অবশ্য পালনীয়। একই সঙ্গে দায়েরকৃত আপিল মামলার নথি/ প্রতিবেদন প্রেরণ/ তদন্ত অনুষ্ঠান/ প্রতিনিধি প্রেরণ ইত্যাদি বিষয়ে ভূমি আপিল বোর্ডের প্রদত্ত নির্দেশ বিভাগীয় কমিশনার, কালেক্টর বা অধিনস্থ কর্মকর্তা যথাযথভাবে প্রতিপালন করবেন মর্মে নির্দেশনা রয়েছে।

০৪। বর্ণিতাবস্থায়, দ্রুত মামলা নিষ্পত্তি, ন্যায় বিচার প্রতিষ্ঠা ও জনদুর্ভোগ নিরসনকল্পে ভূমি আপিল বোর্ড কর্তৃক তলবকৃত মূল নথি/রেকর্ড/প্রতিবেদন/তথ্যাদি/ মতামত নির্ধারিত সময়ের মধ্যে নির্ধারিত পদ্ধতিতে প্রেরণ এবং কোন যৌক্তিক কারণে তা প্রেরণ করা সম্ভব না হলে স্বল্পতম সময়ের মধ্যে প্রেরণের সময় প্রার্থনার জন্য সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষকে অনুরোধ করা হলো।

০৫। জনস্বার্থে বিষয়টি জরুরি।

২১/৩/১৯
(মোঃ মাকছুদুর রহমান পাটওয়ারী)
ভারপ্রাপ্ত সচিব

বিতরন:-
১। বিভাগীয় কমিশনার --------------------------------(সকল)।
২। অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব)/ এল,এ -------------------------- (সকল)।
৩। জেলা প্রশাসক -------------------------------- (সকল)।
৪। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) -------------------------- (সকল)।
৫। সহকারী কমিশনার ভূমি ------------------------------------ (সকল)।

অনুলিপি:-
১। মন্ত্রিপরিষদ সচিব মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব,প্রধানমন্ত্রীর কার্যালয়,তেজগাঁও,ঢাকা।
২। চেয়ারম্যান,ভূমি আপিল বোর্ড, সেগুন বাগিচা,ঢাকা।
৩। চেয়ারম্যান,ভূমি সংস্কার বোর্ড,মতিঝিল বা/এ,ঢাকা।
৪। মহাপরিচালক,ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও,ঢাকা।